

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ২১, ২০২৩

[বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ]

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন

চট্টগ্রাম

প্রজ্ঞাপন

তারিখ : ২৯ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ/১৪ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

এস.আর.ও নং-৩১২-আইন/২০২৩।—চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ আইন, ২০২২ (২০২২ সনের ৮ নং আইন) এর ধারা ৫৯ এ প্রদত্ত ক্ষমতাবলে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, সরকারের পূর্বানুমোদনক্রমে, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ১৯৯১ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত প্রবিধানমালার তফসিলের কলাম ১ এ উল্লিখিত—

(ক) ক্রমিক নম্বর ৪১৯, ৪২০ ও ৪২১ এবং তদ্বিপরীতে কলাম ২, ৩, ৪, ৫ ও ৬ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পরিবর্তে যথাক্রমে নিম্নরূপ ক্রমিক নম্বর এবং এন্ট্রিসমূহ প্রতিস্থাপিত হইবে, যথা:—

৪১৯	হারবার মাষ্টার	অনূর্ধ্ব ৪৫ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; (খ) পদোন্নতির জন্য উপযুক্ত বিভাগীয় প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক)মাষ্টার (এফজি) বা ১ম শ্রেণীর (ডেক) কমপিটেপী সার্টিফিকেট; এবং (খ) বিদেশগামী জাহাজের কমপক্ষে ২ (দুই) বৎসরের কমান্ড অভিজ্ঞতাসহ নৌ-সুবিধাদি পরিচালনায় কমপক্ষে ৬ (ছয়) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।	ডক মাষ্টার অথবা সহকারী হারবার মাষ্টার/ সহকারী হারবার মাষ্টার (ভিটিএসএস)/ সহকারী হারবার মাষ্টার (পোর্ট ফ্যাসিলিটি সিস্টেম) পদে অথবা উভয় পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরী।
-----	----------------	------------------	--	---	---

(১৬৯১৫)

মূল্য : টাকা ৪.০০

৪২০	ডক মাষ্টার	অনূর্ধ্ব ৪৫ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; (খ) পদোন্নতির জন্য উপযুক্ত বিভাগীয় প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) মাষ্টার (এফজি) বা ১ম শ্রেণীর (ডেক) কমপিটেন্সী সার্টিফিকেট; এবং (খ) বিদেশগামী জাহাজের কমপক্ষে ১ (এক) বৎসরের কমান্ড অভিজ্ঞতাসহ নৌ-সুবিধাদি পরিচালনায় কমপক্ষে ৪ (চার) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা।	সহকারী হারবার মাষ্টার/ সহকারী হারবার মাষ্টার (ডিটিএসএস)/ সহকারী হারবার মাষ্টার (পোর্ট ফ্যাসিলিটি সিস্টেম) পদে কমপক্ষে ২ (দুই) বৎসরের চাকুরী।
৪২১	সহকারী হারবার মাষ্টার/ সহকারী হারবার মাষ্টার (ডিটিএসএস)/ সহকারী হারবার মাষ্টার (পোর্ট ফ্যাসিলিটি সিস্টেম)	অনূর্ধ্ব ৪০ বৎসর	(ক) ৬৭ ভাগ পদ পদোন্নতির মাধ্যমে; এবং (খ) ৩৩ ভাগ পদ সরাসরি নিয়োগের মাধ্যমে; তবে শর্ত থাকে যে, পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) মাষ্টার (এফজি) বা ১ম শ্রেণীর (ডেক) কমপিটেন্সী সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজের ১ম মেট হিসাবে কমপক্ষে ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতা; অথবা (খ) ৩য় শ্রেণীর (ডেক) কমপিটেন্সী সার্টিফিকেটসহ বিদেশগামী জাহাজে কমপক্ষে ৮ (আট) বৎসরের সামুদ্রিক অভিজ্ঞতা।	(ক) কর্ণফুলী পাইলট পদে কমপক্ষে ৭ (সাত) বৎসরের চাকুরী; অথবা (খ) পাইলট পদে কমপক্ষে ২ (দুই) বৎসরের চাকুরীসহ মাষ্টার (এফজি) বা ১ম শ্রেণীর (ডেক) কমপিটেন্সী সার্টিফিকেট; অথবা (গ) পাইলট পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরীসহ ২য় শ্রেণীর (ডেক) কমপিটেন্সী সার্টিফিকেট; অথবা (ঘ) পাইলট পদে কমপক্ষে ৫ (পাঁচ) বৎসরের চাকুরীসহ ৩য় শ্রেণীর (ডেক) কমপিটেন্সী সার্টিফিকেট।

(খ) ক্রমিক নম্বর ৪২৮ এবং তদ্বিপরীতে কলাম ২, ৩, ৪, ৫ ও ৬ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ ক্রমিক নম্বর এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

৪২৮ক	সিনিয়র ভিটিএসএস অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	(ক) পদোন্নতির মাধ্যমে; (খ) পদোন্নতির জন্য উপযুক্ত বিভাগীয় প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে।	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ কম্পিউটার চালনায় দক্ষতা।	ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটর অথবা ভিটিএসএস অপারেটর পদে কমপক্ষে ৩ (তিন) বৎসরের চাকুরী।
------	--------------------------------	---------------------	---	--	---

(গ) ক্রমিক নম্বর ৪২৯ এবং তদ্বিপরীতে কলাম ২, ৩, ৪, ৫ ও ৬ এ উল্লিখিত এন্ট্রিসমূহের পর যথাক্রমে নিম্নরূপ ক্রমিক নম্বর এবং এন্ট্রিসমূহ সন্নিবেশিত হইবে, যথা:—

৪২৯ক	ভিটিএসএস অপারেটর	অনূর্ধ্ব ৩০ বৎসর	সরাসরি নিয়োগের মাধ্যমে।	(ক) ডাটা এন্ট্রি/ কন্ট্রোল অপারেটিং এর কাজে কমপক্ষে ২ (দুই) বৎসরের চাকুরীর অভিজ্ঞতাসহ বিজ্ঞান বিভাগ হইতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) কম্পিউটার টাইপিং এর গতি প্রতি মিনিটে বাংলায় কমপক্ষে ২০টি শব্দ এবং ইংরেজিতে কমপক্ষে ২০টি শব্দ।	-
------	---------------------	---------------------	--------------------------------	--	---

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের আদেশক্রমে

রিয়ার এডমিরাল মোহাম্মদ সোহায়েল

চেয়ারম্যান

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd